রেজিস্টার্ড নং ডিএ-

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৬, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ / ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-১৬৬-আইন/২০১৩/৬৭০-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার -

১। বিধি ৩ এর-

(১) উপ-বিধি (১খ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১খ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(১খ) চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে চুক্তি অনুযায়ী স্বত্বাধিকারীর উৎপাদনস্থলে পণ্য ফেরত প্রদানের শর্তে চুক্তিভিত্তিক উৎপাদক প্রতি একক পণ্যের জন্য যে পণ বা মূল্য গ্রহণ করিবেন কেবলমাত্র উক্ত পণ বা মূল্যের ভিত্তিতে চুক্তিভিত্তিক উৎপাদক সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট ফরম "মূসক-১" এ মূল্য ঘোষণা দাখিল করিবেন।";

(২) উপ-বিধি (১গ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১গ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(১গ) চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে –

(ক) চুক্তি অনুযায়ী পণ্যের স্বত্বাধিকারীর উৎপাদনস্থলে পণ্য ফেরত গ্রহণের ক্ষেত্রে স্বত্বাধিকারী উৎপাদনকারী হিসাবেও বিবেচিত হইবেন এবং চুক্তিমূল্য চুক্তির আওতায় সরবরাহকৃত উপকরণের মূসকযোগ্য মূল্য অন্তর্ভুক্ত করিয়া ফরম "মূসক-১" এ মূল্য ঘোষণা দাখিল করিবেন।

(খ) চুক্তির আওতায় উৎপাদিত পণ্য স্বত্বাধিকারীর উৎপাদনস্থলের পরিবর্তে তাহার বিক্রয় বা সরবরাহ ডিপোতে সরবরাহের ক্ষেত্রে স্বত্বাধিকারীর এইরূপ বিক্রয়স্থল বা সরবরাহ ডিপো, উৎপাদিত পণ্যের পরবর্তী সরবরাহকারী হিসাবে বিবেচিত হইবে এবং সেই ক্ষেত্রে ডিপো পর্যায়ে ফরম "মূসক-১" এ মূল্য ঘোষণা দাখিল করিতে হইবে অথবা প্রযোজ্য ক্ষেত্রে আইন এর ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশের বিধানের আওতায় নির্ধারিত মূল্য সংযোজনের হারের ভিত্তিতে মূসক প্রদেয় হইবে।

(৩) উপ-বিধি (১ঘ) বিলুপ্ত হইবে।

(৪) উপ-বিধি (২খ) বিলুপ্ত হইবে।

২। বিধি ৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "অনধিক সত্তর লক্ষ টাকা" শব্দগুলির পরিবর্তে "অনধিক আশি লক্ষ টাকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৩। বিধি ৯ এর–

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "সত্তর লক্ষ টাকার অধিক" শব্দগুলির পরিবর্তে "আশি লক্ষ টাকার অধিক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) ও (৩) এ উল্লিখিত "ষাট লক্ষ" শব্দগুলির পরিবর্তে "আশি লক্ষ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৪। বিধি ১৫ এর উপ-বিধি (১ঘ) এ উল্লিখিত "ষাট লক্ষ" শব্দগুলির পরিবর্তে "আশি লক্ষ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। বিধি ১৬ এর–

(১) উপ-বিধি (৩গ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩গ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(৩গ) চুক্তিভিত্তিক উৎপাদনের আওতায় চুক্তি অনুযায়ী –

(ক) পণ্যের স্বত্বাধিকারীর উৎপাদনস্থলে পণ্য ফেরত প্রদানের চুক্তির ক্ষেত্রে স্বত্বাধিকারীর উৎপাদনস্থল হইতে চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট উপকরণ সরবরাহের সময় ফরম "মূসক-১১গ" এ দ্বিমুখী কার্বন ব্যবহার

করিয়া একটি চালানপত্র প্রদান করিবেন এবং চালানপত্রের দ্বিতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় সংশ্লিষ্ট স্থানে সংরক্ষণ করিবেন।

(খ) পণ্যের স্বত্বাধিকারীর উৎপাদনস্থলের পরিবর্তে তাহার বিক্রয়স্থল বা সরবরাহ ডিপোতে পণ্য প্রেরণের ক্ষেত্রে স্বত্বাধিকারীর উৎপাদনস্থল হইতে, বা তাহার নিজস্ব আমদানির ক্ষেত্রে সরাসরি আমদানি বন্দর হইতে, বা তাহার পণ্যাগার হইতে, বা স্থানীয়ভাবে সংগৃহীত ও তাহার ব্যবসায়স্থল বা পণ্যাগারে রক্ষিত উপকরণ চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট সরবরাহের সময় স্বত্বাধিকারীর এইরূপ নিবন্ধিত নিজস্ব উৎপাদনস্থল, আমদানি বা ব্যবসায়স্থল বা পণ্যাগার হইতে ফরম "মূসক-১১গগ" এ দ্বিমুখী কার্বন ব্যবহার করিয়া একটি চালানপত্র প্রদান করিবেন এবং চালানপত্রের দ্বিতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় সংশ্লিষ্ট স্থানে সংরক্ষণ করিবেন।

(গ) স্থানীয়ভাবে অন্য কোন উৎস হইতে স্বত্বাধিকারী কর্তৃক সংগৃহীত উপকরণ সরাসরি চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট সরবরাহের ক্ষেত্রে সংশ্লিষ্ট "মূসক-১১" চালানপত্রে "পণ্যের চূড়ান্ত গন্তব্যস্থল" কলামে চুক্তিভিত্তিক উৎপাদকের নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর উল্লেখ করিতে হইবে।"; এবং

(২) উপ-বিধি (৩ঘ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩ঘ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ–

"(৩ঘ) চুক্তিভিত্তিক উৎপাদক চুক্তির ভিত্তিতে উৎপাদিত পণ্য স্বত্বাধিকারীর চাহিদা মোতাবেক যে কোন নিবন্ধিত ঠিকানার অনুকূলে সরবরাহ করিতে পারিবেন এবং পণ্য সরবরাহের ক্ষেত্রে উপ-বিধি (১) এর বিধান অনুসরণ করিবেন।"

৬। বিধি ১৯ এর–

(১) উপ-বিধি (১ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১ক) প্রতিস্থাপিত হইবে, যথাঃ–

"(১ক) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, করযোগ্য পণ্য উৎপাদন বা সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানের সহিত সম্পৃক্ত এইরূপ স্থান, স্থাপনা বা অঙ্গনে ব্যবহৃত গ্যাস, বীমা, বিদ্যুৎ, টেলিফোন, টেলিপ্রিন্টার, ফ্যাক্স, ইন্টারনেট, ফ্রেইট ফরওয়ার্ডার্স, ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট, ওয়াসা, অডিট ও একাউন্টিং ফার্ম, যোগানদার, সিকিউরিটি সার্ভিস, আইন পরামর্শক, পরিবহন ঠিকাদার ও ব্যাংকিং সেবার উপর পরিশোধিত মূসকের আশি শতাংশ পরিমাণ রেয়াত গ্রহণ করা যাইবে।";

(২) উপ-বিধি (৭) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৭) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(৭) চুক্তিভিত্তিক উৎপাদক স্বত্বাধিকারীর উৎপাদনস্থলে পণ্য সরবরাহ বা ফেরত প্রেরণের শর্তে স্বত্বাধিকারী কর্তৃক ইস্যুকৃত ফরম "মূসক-১১গ" চালানপত্রের মাধ্যমে প্রাপ্ত উপকরণ ব্যতীত, ফরম "মূসক-১১" বা "মূসক-১১গগ" চালানপত্রের মাধ্যমে প্রাপ্ত বা সংগৃহীত অন্যান্য উপকরণের উপর পরিশোধিত মূসক তাহার

ঘোষিত মূল্যে অন্তর্ভুক্ত থাকিবার শর্তে আইন এর ধারা ৯ এর বিধান প্রতিপালন সাপেক্ষে রেয়াত গ্রহণ করিতে পারিবেন।";

(৩) উপ-বিধি (৭) এর পর নিম্নরূপ উপ-বিধি (৮) সংযোজিত হইবে, যথাঃ-

"(৮) চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে –

(ক) পণ্যের স্বত্বাধিকারীর নিজস্ব আমদানিকৃত উপকরণ বা স্থানীয়ভাবে সংগৃহীত উপকরণ তাহার নিবন্ধিত উৎপাদনস্থল বা পণ্যাগারে আনয়নের পরিবর্তে চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট সরাসরি সরবরাহের ক্ষেত্রে এবং চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক উৎপাদিত পণ্য স্বত্বাধিকারীর উৎপাদনস্থলের পরিবর্তে তাহার বিক্রয়স্থল বা সরবরাহ ডিপোতে সরবরাহের ক্ষেত্রে স্বত্বাধিকারী তাহার সরবরাহকৃত উপকরণের বিপরীতে কোন রেয়াত গ্রহণ করিতে পারিবেন না।

(খ) স্বত্বাধিকারীর নিবন্ধিত বিক্রয়স্থল বা সরবরাহ ডিপোতে চুক্তিভিত্তিক উৎপাদনকারী কর্তৃক ইস্যুকৃত ফরম "মূসক-১১" এর মাধ্যমে প্রেরিত পণ্যের ক্ষেত্রে পরিশোধিত মূসক উপকরণ কর হিসাবে, স্বত্বাধিকারীর বিক্রয়স্থল বা ডিপো পর্যায়ে ঘোষিত মূল্যে অন্তর্ভুক্ত থাকিবার শর্তে তিনি আইনের ধারা ৯ এর বিধান প্রতিপালন করিয়া রেয়াত গ্রহণ করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক স্বত্বাধিকারীর বিক্রয় স্থল বা সরবরাহ ডিপোতে পণ্য সরবরাহের ক্ষেত্রে পণ্য উৎপাদনের জন্য "মূসক-১১গগ" এর মাধ্যমে স্বত্বাধিকারীর উৎপাদনস্থল হইতে উপকরণ সরবরাহকালে সংশ্লিষ্ট উপকরণের উপর গৃহীত রেয়াত তাহার চলতি হিসাবের প্রদেয় কলামে সমন্বয় করিতে হইবে।"।

৭। বিলুপ্ত বিধি ২০ এর পর নিম্নরূপ নূতন বিধি ২০ক সন্নিবেশিত হইবে, যথাঃ-

"বিধি ২০ক। মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উৎপাদন পর্যায়ে বিশেষ সুবিধা।–

The Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub- section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর বিধানের আওতায় সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত অব্যাহতি বা রেয়াতী সুবিধা সংক্রান্ত সংশ্লিষ্ট শুল্ক ও মূল্য সংযোজন কর প্রজ্ঞাপনের আওতাভুক্ত অব্যাহতিপ্রাপ্ত সুনির্দিষ্ট এইচ এস কোড এর যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বাংলাদেশে উৎপাদনকারী কোন উৎপাদক কর্তৃক উৎপাদনপূর্বক সরবরাহ স্তরে সরবরাহকারী, কোনো করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা করযোগ্য সেবা প্রদানে নিয়োজিত বা রপ্তানিতে নিয়োজিত অন্য কোনো নিবন্ধিত ব্যক্তিকে, তাহার করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা করযোগ্য সেবা প্রদানের স্থানে বা রপ্তানিতব্য পণ্য প্রস্তুতকরণ কিংবা উৎপাদনের স্থানে স্থাপনের নিমিত্ত, এইরূপ যন্ত্রপাতি ও যন্ত্রাংশের মূল উৎপাদক কর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত উপর্যুক্তরূপ মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ফরম "মূসক-১৪খ" তে মুচলেকা প্রদানপূর্বক মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে সরবরাহ করিতে পারিবেন। মুচলেকা প্রদানপূর্বক মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরবরাহের দিন হইতে ৬ (ছয়) মাসের মধ্যে উক্তরূপ যন্ত্রপাতি

ও যন্ত্রাংশ ক্রেতার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা সেবা প্রদানের স্থানে যথাযথভাবে স্থাপন করা হইয়াছে মর্মে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা প্রয়োজনীয় অনুসন্ধানের পর সন্তুষ্ট হইলে, বিভাগীয় কর্মকর্তা মুচলেকা বাতিলের নির্দেশ প্রদান করিবেন এবং ৬ (ছয়) মাসের মধ্যে মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ স্থাপন করা সম্ভব না হইলে কমিশনার এই সময়সীমা আরও ৩ (তিন) মাস বর্ধিত করিতে পারিবেন, অন্যথায় মুচলেকার শর্ত অনুযায়ী প্রদেয় মূসক আদায়যোগ্য হইবে।

৮। বিধি ২২ এর উপ-বিধি (১) এর দফা (গ) তে উল্লিখিত "মূসক-১১গ" এর পর "বা মূসক-১১গগ" শব্দ, চিহ্ন, সংখ্যা ও অক্ষরগুলি সন্নিবেশিত হইবে।

৯। বিধি ২৭ এর উপ-বিধি (১০) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১১) সংযোজিত হইবে, যথাঃ-

"(১১) সেবা রপ্তানির ক্ষেত্রে –

(ক) সেবা সরবরাহকারী এবং সেবা গ্রহণকারীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র থাকিতে হইবে;

(খ) মূসক চালানপত্র প্রদান করিতে হইবে;

(গ) বাংলাদেশে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসিত হইতে হইবে; এবং

(ঘ) বৈদেশিক মুদ্রা প্রাপ্তির দলিল দাখিলপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।"

১০। ফরম "মূসক-১ঘ" বিলুপ্ত হইবে;

১১। ফরম "মূসক-১১গ" এর পর নিম্নরূপ নূতন ফরম "মূসক-১১গগ" সন্নিবেশিত হইবে, যথাঃ–

"মূসক-১১গগ

চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে স্বত্বাধিকারীর সরবরাহস্থল/পণ্যাগার/সরাসরি আমদানি বন্দর হইতে উৎপাদনের জন্য প্রেরিত উপকরণের

চালানপত্র

[বিধি ১৬(৩গ) দ্রষ্টব্য]

উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ঃ
ঠিকানা ঃ

করদাতা সনাক্তকরণ সংখ্যা ঃ
যানবাহনের প্রকৃতি ও নম্বর ঃ

স্বত্বাধিকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ
করদাতা সনাক্তকরণ সংখ্যা ঃ
চালানপত্রের ক্রমিক সংখ্যা ঃ
চালানপত্র প্রদানের তারিখ ঃ
চালানপত্র প্রদানের সময় ঃ
উপকরণ অপসারণের প্রকৃত তারিখ ও সময় ঃ

ক্রমিক নং	সরবরাহকৃত উপকরণের নাম ও বিবরণ	পরিমাণ	মূসকযোগ্য মূল্য	মূসক	মূল্য (করসহ)	মন্তব্য (আমদানি পণ্যের ক্ষেত্রে বি/ই নং ও তারিখসহ ছবিলিপি সংযুক্তি করিতে হইবে)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর

তারিখ ঃ

নাম ঃ ....

পদবী ঃ ....

১২। ফরম "মূসক-১২" এ উল্লিখিত ছকের কলাম (৭) ও (৮) এবং কলাম (৯) ও (১০) এর উপরিভাগে উল্লিখিত "(১)(ঙ)" সংখ্যা, অক্ষর ও বন্ধনীগুলি বিলুপ্ত হইবে।

১৩। ফরম "মূসক-১২খ" এ উল্লিখিত টেবিলের কলাম (৬) এর পর নূতন কলাম "(৭)" ও উহার শিরানামে "প্রযোজ্য সেবাখাত ও কোড" শব্দগুলি অন্তর্ভুক্ত হইবে, এবং বিদ্যমান কলাম (৭) ও (৮) যথাক্রমে কলাম (৮) ও (৯) হিসাবে পুনঃ সংখ্যায়িত হইবে।

১৪। বিলুপ্ত ফরম "মূসক-১৪ক" এর পর নিম্নরূপ নূতন ফরম "মূসক-১৪খ" সন্নিবেশিত হইবে; যথা:-

"মূসক-১৪খ"
[বিধি ২০ক দ্রষ্টব্য]

মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরবরাহের জন্য মুচলেকা

প্রতিষ্ঠানের নাম :
ঠিকানা :
করদাতা সনাক্তকরণ সংখ্যা :
এলাকা কোড :

মূল অনুলিপি
দ্বিতীয় অনুলিপি
তৃতীয় অনুলিপি
চতুর্থ অনুলিপি
পঞ্চম অনুলিপি

আমি নিম্নেবর্ণিত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমার প্রতিষ্ঠান হইতে .... (প্রাপকের নাম) এ (যাহা করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন/করযোগ্য সেবা প্রদানে নিয়োজিত এবং যাহার করদাতা সনাক্তকরণ সংখ্যা .... ঠিকানা .... এলাকা কোড ....) মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে সরবরাহ করিতে ইচ্ছুক। এই যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমূহ সড়ক/রেল/বিমান/নৌপথে .... টি যানবাহনে পরিবাহিত হইবে। পণ্যটি অদ্য .... সময়ে .... অত্র কারখানা হইতে সরবরাহ করা হইল।

মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের বিবরণ

ক্রমিক সংখ্যা	পণ্যের বর্ণনা	পরিমাণ	মূল্য	প্রদেয় মূল্য সংযোজন কর	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)

মূল অনুলিপি আবেদনকারী যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের আওতাধীন সেই কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে, দ্বিতীয় অনুলিপি আবেদনকারীর কারখানা প্রাঙ্গণে রাখিতে হইবে, তৃতীয় অনুলিপি মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের ক্রেতার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে রাখিতে হইবে এবং চতুর্থ অনুলিপি, মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের ক্রেতার উৎপাদনস্থলে প্রবেশের পর, উক্ত উৎপাদনস্থল যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের আওতাধীন সেই কার্যালয়ে প্রেরণ করিতে হইবে; পঞ্চম অনুলিপিটি মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের ক্রেতার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা সেবা প্রদানের স্থলে যথাসময়ে স্থাপনের সাত দিনের মধ্যে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তার মাধ্যমে, মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উৎপাদক যে মূল্য সংযোজন কর কার্যালয়ের আওতাধীন, উক্ত কার্যালয়ে প্রেরণ করিতে হইবে।

আমি ঘোষণা পরিতেছি যে, উপরে বর্ণিত তথ্য সম্পূর্ণ সত্য ও যথাযথ এবং অত্র মুচলেকার শর্তের কোনরূপ ব্যাত্যয় ঘটিলে আমি বর্ণিত পণ্যের ওপর আইনানুযায়ী প্রদেয় মূল্য সংযোজন কর সুদসহ প্রদানে বাধ্য থাকিব।

তারিখ: .... আবেদনকারীর স্বাক্ষর

প্রত্যয়ন করা যাইতেছে যে, আমি উপরে বর্ণিত পণ্য চালানটি পরীক্ষা করিয়াছি, উপরে বর্ণিত তথ্য ঠিক এবং আমি উক্ত পণ্য চালানটি যথাযথ মন্তব্যসহ করদাতার ইস্যুকৃত চালানপত্র নং .... তাং...................... এর মাধ্যমে .... প্রতিষ্ঠান (করদাতা সনাক্তকরণ সংখ্যা................. ঠিকানা.................................., এলকা কোড ....) এ স্থানান্তরের অনুমতি প্রদান করিয়াছি।

তারিখ: .... রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর

আমি ঘোষণা করিতেছি যে, আমি উপরে বর্ণিত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমার প্রতিষ্ঠানের প্রাঙ্গনে করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন/করযোগ্য সেবা প্রদানে ব্যবহারের উদ্দেশ্যে স্থাপনের নিমিত্ত বুঝিয়া পাইয়াছি।

তারিখ: .... ক্রেতার স্বাক্ষর

আমি ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ, ... কর্তৃক মুচলেকার বিপরীতে সরবরাহের দিন হইতে ছয় মাসের মধ্যে/কমিশনার কর্তৃক বর্ধিত সময়ের মধ্যে আমার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন/সেবা প্রদানস্থলে যথারীতি স্থাপন করিয়াছি।

সরেজমিনে তদন্তপূর্বক যথাযথ

পাইয়া প্রতি-স্বাক্ষর করা হইল।

রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর ক্রেতার স্বাক্ষর

তারিখ : .... তারিখ : ....

মুচলেকার শর্তাদি যথাযথভাবে প্রতিপালিত হওয়ায় মুচলেকা এতদ্দ্বারা বাতিল করা হইল।

বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর

তারিখ : ....

১৫। ফরম মূসক-১৯ –

(ক) এর ১২ নং ক্রমিকে উল্লিখিত "অন্যান্য সমন্বয়করণ (রেয়াত/পাওনা/আমদানি পর্যায়ে অগ্রিম মূসক)" শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে "অন্যান্য সমন্বয়করণ (রেয়াত/পাওনা/আমদানি পর্যায়ে অগ্রিম মূসক/উৎসে প্রদত্ত মূসক)" শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

(খ) পূরণের নির্দেশিকার ১২নং ক্রমিকে উল্লিখিত "অগ্রিম পরিশোধিত মূসক" শব্দগুলির পর ", বা উৎসে প্রদত্ত মূসক" চিহ্ন ও শব্দগুলি সন্নিবেশিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ শওকাত হোসেন)
প্রথম সচিব (মূসক নীতি)